গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরনের চতুর্থ সভার কার্যবিবরনী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| সভার তারিখ | ২৫/০৫/২০২০ |
| সভার সময় | ৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন,জুম মিটিং |
| উপস্থিতি | পরিশিষ্ঠ-ক |

**২.০। আলোচনাঃ**

২.১। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভায় সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের পরিচালক (উপ সচিব) জনাব মোঃ জাকির হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। সভাপতি বলেন পরস্পরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ার প্ল্যাটফরম তৈরি করে স্টেকহোল্ডার মিটিং। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানগুলো আমাদের স্টেকহোল্ডার। আমরা আপনাদের প্রেরিত তথ্য ও উপাত্ত প্রতিবেদন তৈরিতে ব্যবহার করে থাকি। এছাড়া তথ্য অনুসন্ধানের নিমিত্তে আমাদের পারস্পরিক যোগাযোগ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। সভাপতি আরো বলেন যে জ্বালানি ও খনিজ সম্পদ এর চাহিদা মোতাবেক হাইড্রোকার্বন ইউনিট ইতোমধ্যে ইএমারডি অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ড, জ্বালানি ও খনিজ সম্পদ এর আইন, বিধি ও নীতিমালা সংকলন, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন এবং বিপিসি ও এর আওতাধীন কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন প্রস্তুত করেছে।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (পেট্রোবাংলা) এর উপ-মহাব্যবস্থাপক মোঃ জাভেদ ইবনে শাহেদ জানান তারা সরাসরি কোন অভিযোগ গ্রহণ করেন না তবে গ্যাস কানেকশন সংক্রান্ত যে সব অভিযোগগুলো আসে, সেই সব অভিযোগগুলো যে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সে সব প্রতিষ্ঠান বরাবর অভিযোগগুলো পাঠাতে বলা হয়। তিনি আরও জানান যে, প্রতিষ্ঠানগুলো যথাসময়ে অভিযোগ নিষ্পত্তি করে পেট্রোবাংলারকে রিপোর্ট প্রদান করে। সর্বশেষ হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিমত ব্যক্ত করেন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসির) ব্যবস্থাপক জনাব এস এম জুবায়ের হাসান জানান যে সবসময়ই

হাইড্রোকার্বন ইউনিট থেকে তারা সহযোগিতা পেয়েছেন এবং বিপিসি তাদের ওয়েবসাইটে ড্যাশবোর্ড প্রদর্শন ও তথ্য হালনাগাদ করে যাচ্ছে। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর উপপরিচালক জনাব আক্তারুল আহসান জানান যে তাদের প্রতিষ্ঠানে কোনো অভিযোগ আসলে তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

বাংলাদেশ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোসাঃ মাহবুবা খাতুন জানান যে তাদের প্রতিষ্ঠানে যে সকল অভিযোগ আসে তা সাধারনত কোয়ারি ও ইজারা সংক্রান্ত যা তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়।

বিস্ফোরক পরিদপ্তরের সহকারী বিস্ফোরক পরিদর্শক সানজিদা আক্তার জানান যে তারা হাইড্রোকার্বন ইউনিট থেকে সব সময় সহযোগিতা পেয়ে থাকেন মর্মে সন্তোষ প্রকাশ করেন এবং তিনি বলেন যে তার প্রতিষ্ঠানে অনলাইনে অভিযোগ কম আসে এবং হার্ড কপিতে অভিযোগ আসলে অভিযোগ প্রতিকারের নির্দেশিকা মোতাবেক নিস্পত্তি করা হয়।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সাহিদুজ্জামান অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রসঙ্গে বলেন যে প্রশিক্ষণ শেষে কোর্স মূল্যায়ণ নামক ফরমে প্রশিক্ষণার্থীরা তাদের মতামত ও অভিযোগ প্রদান করে থাকেন। মতামতের উপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) এর কোম্পানি সচিব ফরিদ আহম্মদ জানান যে আরপিজিসিএল বাংলাদেশে সিএনজি কনভার্সান ওয়ার্কসপ এর অনুমোদন ও মনিটরিং করে থাকেন। এ সংক্রান্ত কোনো অভিযোগ আসলে অভিযোগ প্রতিকারের নির্দেশিকা মোতাবেক নিস্পত্তি করা হয়।

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর প্রতিনিধি জানান যে তাদের প্রতিষ্ঠানে কোনো অভিযোগ আসলে তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) এর উপ-মহাব্যবস্থাপক জনাব মো কামরুল হাসান জানান যে তাদের প্রতিষ্ঠানে কোনো অভিযোগ আসলে তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড এর উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব সৈয়দ রফিজুল ইসলাম জানান যে তাদের প্রতিষ্ঠানে কোনো অভিযোগ আসলে তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

সভায় **বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স), সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড** এবং **বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)** এর প্রতিনিধি সংযুক্ত না হওয়ায় সভাপতি উক্ত প্রতিষ্ঠানদ্বয়ের ব্যবস্থাপনা পরিচালক বরাবর দৃষ্টি আকর্ষনের নির্দেশনা প্রদান করেন।

২.৩। সমাপনী বক্তব্যে সভাপতি বলেন ভবিষ্যতের পরিকল্পনা বাস্তবায়নে অংশীজনদের অংশগ্রহন এবং একে অপরের

সাথে মত বিনিময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

**৩.০।** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.১৩

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮
২৭ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) [সভায় প্রতিনিধি অংশগ্রহণ না করায় ব্যবস্থাপনা পরিচালক এর দৃষ্টি আকর্ষন]

৩) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড [সভায় প্রতিনিধি অংশগ্রহণ না করায় ব্যবস্থাপনা পরিচালক এর দৃষ্টি আকর্ষন]

৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড [সভায় প্রতিনিধি অংশগ্রহণ না করায় ব্যবস্থাপনা পরিচালক এর দৃষ্টি আকর্ষন]

৫) উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি ম্যানেজিং), কোম্পানি ম্যানেজিং এজেন্সিজ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৬) কোম্পানি সচিব, কোম্পানি সচিবালয়, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৭) কোম্পানি সচিব, কোম্পানি সচিবালয়, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

৮) উপ-মহাব্যবস্থাপক, পেরোল এন্ড বিল ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৯) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

১০) ম্যানেজার, এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১১) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১২) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

১৪) সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১৫) অফিস কপি ।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.১২

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

**অনলাইন সভার নোটিশ**

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভা হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক (যুগ্মসচিব) জনাব এ এস এম মঞ্জুরুল কাদের এর সভাপতিত্বে আগামী ২৫ মে ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নবর্নিত লিঙ্কে অনুষ্ঠিত হবে।

Time: May 25, 2021 3:00 PM Astana, Dhaka
https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=UVlobW94TnhHWEU1ZGo1bWNGa2Rodz09
ID: 4037050814
Password: 838884

উক্ত সভায় অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য অনুরোধ করা হল।

২০-৫-২০২১
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক
ফোন: ৮৩৯১০৭৫
ইমেইল: hcu@hcu.org.bd

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.১২/১

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৭) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৮) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

১০) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

১১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

১২) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড [অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

১৩) অফিস কপি

২০-৫-২০২১

এ এস এম মঞ্জুরুল কাদের

মহাপরিচালক